

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইটঃ [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)  
ই-মেইলঃ [techedu09@gmail.com](mailto:techedu09@gmail.com)

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.২৭.০৫২.১৬-


৪২৬

তারিখ : ৭/০৮/২০১৬ খ্রিঃ।

২য় কারণ দর্শানোর নোটিশ

আপনি জনাব শেখ মোঃ জাকির হোসেন, জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক), ইংরেজী বিনাইদহ পলিটেকনিক ইন্সটিটিউট। অধ্যক্ষ, বিনাইদহ পলিটেকনিক ইন্সটিটিউটের স্মারক নং-বিপই/প্রশা/১-৪৫/১৬/২০৭, তারিখঃ ৩০/০৪/২০১৬ খ্রিঃ মোতাবেক জানা যায় যে, আপনি যথাযথভাবে পাঠদান করেন না। বিভিন্ন প্রশংসা করে শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ নষ্ট করছেন। এ ব্যাপারে আপনাকে বারবার সতর্ক করা হলেও আপনার আচরনে পরিবর্তন লক্ষ্য করা যায় নি। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.১৮.০৫৪.১৬ (পার্ট-১)-৩৬৮, তারিখঃ ৩০/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক ১ কারণ দর্শানোর নোটিশের যে জবাব দিয়েছেন সেখানে অধ্যক্ষ মহোদয়ের কোন সুপারিশ ছিল না।

আপনার এরূপ কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী “অসদাচরণ” এর সামিল। সে জন্য কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর (৩)বি ধারামতে যথাক্রমে অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হবে না তা এই পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সম্ভাষণক ব্যাখ্যা প্রদানের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে আপনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।



(ড. শেখ আবু রেজা)  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ও  
পরিচালক (প্রশাসন) এর রুটিন দায়িত্ব  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ

জনাব শেখ মোঃ জাকির হোসেন  
জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক), ইংরেজী  
বিনাইদহ পলিটেকনিক ইন্সটিটিউট।

অনুলিপিঃ-

- ১। অধ্যক্ষ, বিনাইদহ পলিটেকনিক ইন্সটিটিউট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।  
(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সংরক্ষণ নথি।